



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

শিক্ষককে আগুনে পুড়িয়ে হত্যাকাণ্ডের চেপ্টার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ



৯ জুলাই-২০১৯, মঙ্গলবার, সকাল:১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয় শহীদ মিনার চত্বরে ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এর সম্মানিত শিক্ষকের গায়ে কেরোসিন ঢেলে প্রকাশ্যে আগুনে পুড়িয়ে হত্যাচেষ্টায় জড়িতদের সর্বোচ্চ শাস্তির দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার-এর সভাপতিত্বে বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ, নীলদলের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জাকারিয়া মিয়া, অরুণ কুমার গোস্বামী, কর্মকর্তা সমিতির সভাপতি মো: কামাল হোসেন সরকার সহ প্রমুখ।

এসময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান, শিক্ষক, দপ্তর প্রধান, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।